

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
(www.mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬
৩০ জুন, ২০১৯

বিষয় : সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা বহাল সম্পর্কিত তথ্য স্পষ্টিকরণ।

সূত্রঃ নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭০, তারিখ-১২/০৬/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে-

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪.১০.২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ নং স্মারক অনুযায়ী “৯ম গ্রেড (পূর্বতন-১ম শ্রেণি) এবং ১০ম-১৩তম গ্রেডের (পূর্বতন ২য় শ্রেণি) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইবে এবং উক্ত পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান কোটা পদ্ধতি বাতিল করা হইল” মর্মে পরিপত্র জারি করায় কোটা পদ্ধতি বিদ্যমান নেই; এবং

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৫ এপ্রিল ২০১৮ তারিখের জারীকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭/৯৬ নং স্মারকের (খ) অনুচ্ছেদ অনুযায়ী ৩য় ও ৪র্থ শ্রেণির পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারিরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে অপূর্ণ পদসমূহ জেলার প্রাপ্যতা অনুযায়ী স্ব-স্ব জেলার সাধারণ প্রার্থীদের মধ্য হইতে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে।

স্বাঃ ৩০/০৬/১৯
(দীপংকর বিশ্বাস)
উপসচিব
ফোন নং-৯৫১৫৫৫২

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)


তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪২৬
২৯ জুলাই ২০১৯

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭.১২০

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ সদর দপ্তর ঢাকা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-(তীর অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার (সকল) (সংশ্লিষ্ট জেলা প্রশাসক/দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. উপসচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক (সকল) —(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।


(মোস্তাক আহমেদ)
সহকারী সচিব (প্রত্যয়ন)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
টেলিফোন-৯৫৭৫৪৭৭।